# বিধি-১ শাখার কার্যাবলি:

১. ক্যাডার সার্ভিস ব্যতীত নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সরকারি প্রতিষ্ঠানসমূহের সকল প্রকার গেজেটেড ও নন-গেজেটেড পদের নিয়োগবিধি/প্রবিধানমালা প্রণয়ন/সংশোধন, বিভিন্ন আইন, নীতিমালা, সনদ ইত্যাদি নিরীক্ষা, পরামর্শ প্রদান করা হয়। উল্লিখিত বিষয়ে যে শাখা হতে যে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান করা হয় তার কর্মবন্টন।

১. জন বিভাগ
২. আপন বিভাগ
৩. প্রধানমন্ত্রীর কার্যালয়
৪. মন্ত্রিপরিষদ বিভাগ
৫. জনপ্রশাসন মন্ত্রণালয়
৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৮. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৯. নির্বাচন কমিশন সচিবালয়
১০. অর্থ বিভাগ
১১. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
১২. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১৩. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২. **নিম্নবর্ণিত বিষয়ে মতামত/ পরামর্শ প্রদান:**

১. সরকারি চাকরিতে নিয়োগ নীতি এবং পদ্ধতি নির্ধারণ।
২. বিশেষ ব্যক্তি/এলাকার জন্য সরকারি চাকরিতে আসন (কোটা) নির্ধারণ ও সংরক্ষণ সংক্রান্ত বিষয়।
৩. প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র -কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যাদের সনাক্তকরণ পদ্ধতি নির্ধারণ।
৪. নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত বিষয়ে বিভাগীয় নির্বাচন কমিটি গঠন ও এতদসংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।
৫. এডহক নিয়োগ নিয়মিতকরণ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন, সংশোধন ও এতদসংক্রান্ত বিষয়ে মতামত প্রদান।
৬. সরাসরি নিয়োগে জেলা সর্বশেষ জনসংখ্যার ভিত্তিতে জেলাওয়ারী স্থায়ী পদ বিতরণের শতকরা হার সংশোধন।
৭. উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটের পদে স্থানান্তর, নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত বিধিমালা (বিশেষ বিধান) প্রণয়ন।
৮. উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটের পদে স্থায়ীকরণ, নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে মতামত।
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

মোঃ মোস্তফা কামাল
সহকারী সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার